



सुचना

सुचना अनुसार आवेदन गर्ने, आवेदन गर्ने

**Job Category:** Administration/General  
Management

**Job Source:** सुचना सुचना

## Job Summary

**Posted On:** 15 Dec 2024

**Application Deadline:** 10 Jan 2025

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
রোয়াংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।

স্মারক নং : ০৫.৪২.০৩১৪.০০১.০১.০০৯-২৩

তারিখ : ১০ ডিসেম্বর ২০২৪

নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা ও উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নীতিমালা, ২০২১ অনুযায়ী বান্দরবান পার্বত্য জেলা রোয়াংছড়ি উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে ১ জন পেশ ইমাম ১জন মুয়াজ্জিন ও ২ জন খাদেম পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীগণের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	মাসিক সম্মানি (সর্বদাকূল্য)	যোগ্যতা
০১	পেশ ইমাম	০১ (একক)	১৫,০০০/-	ক. দ্বিতীয় শ্রেণির কামিল ডিগ্রী/ দাওরা হাদীস পাশ। কোন প্রতিষ্টানে খতিব, মুফতি। বা মুহাদ্দিস, হিসেবে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। খ. হাফেজ-ই কোরআন ও ইলমে কিরাত- এর ওপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্ত। হাফেজ-ই কোরআন অগ্রাধিকার পাবেন। গ. আরবিতে কথা ও আরবিতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর পবেষণামূলী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
০২	মুয়াজ্জিন	০১ (একক)	১০,০০০/-	ক. দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাপত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/ প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে/মুয়াজ্জিন হিসেবে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। খ. হাফেজ-ই-কোরআন ও ইলমে কিরাত- এর ওপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্তদের অগ্রাধিকার পাবেন।
০৩	খাদিম	০২ (দুই)	৭,৫০০/-	ক. দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাপত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/ প্রতিষ্ঠান থেকে সনদধারী। খ. শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে। গ. সংশ্লিষ্ট ক্ষেত্রে/ খাদিম হিসেবে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলি :

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- আবেদন পত্রে প্রার্থীকে (ক) নাম (খ) পিতার ও মাতার নাম (গ) স্থায়ী ঠিকানা (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) জন্ম তারিখ (চ) জাতীয়তা (ছ) শিক্ষাপত যোগ্যতা এবং (জ) অভিজ্ঞতা উল্লেখ পূর্বক আবেদন পত্রের সাথে যোগাযোগ ঠিকানা ও টেলিফোন নাম্বারসহ প্রার্থীর বয়স আগামী ১০/০১/২০২৫ খ্রিঃ তারিখে ০১ নং পদের জন্য অনূর্ধ্ব ৪৫ বছর অন্যান্য পদের জন্য (১৮-৩২) বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- ১২/১২/২০২৪ খ্রিঃ তারিখ হতে ১০/০১/২০২৫ খ্রিঃ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, রোয়াংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা কার্যালয়ে ডাকযোগে/সরাসরি আবেদন জমা দিতে হবে।
- আবেদন ফরম [www.rowangchari.gov.bd](http://www.rowangchari.gov.bd) ওয়েবসাইট হতে ডাউনলোড করতে হবে।
- আবেদনপত্রে নিম্ন লিখিত কাগজ পত্র সংযুক্ত করতে হবে :  
ক. পৌরসভা/ ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।  
খ. প্রথম শ্রেণির পেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সন্য তোলা তিন কপি রসিদ পাসপোর্ট সাইজের ছবি।  
গ. প্রথম শ্রেণির পেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদের মূল কপি।  
ঘ. সকল শিক্ষাপত যোগ্যতা/ অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।  
ঙ. জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- আবেদনকারী আবেদনের সাথে পেশ ইমাম ১০০০/- (এক হাজার) টাকা, মুয়াজ্জিন পদে ৮০০/- (আটশত) টাকা এবং খাদিম পদে ৫০০/- (পাঁচশত) টাকা অফেরতযোগ্য পে অর্ডার/ ব্যাংক ড্রাফট উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, রোয়াংছড়ি উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র, বান্দরবান পার্বত্য জেলা বরাবর দাখিল করতে হবে।
- কোনো প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না। যদি কোনো প্রার্থী একাধিক পদে আবেদন করেন তাহলে তার আবেদন বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীকে নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কোন তথ্য গোপন করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে এবং ভবিষ্যতে তথ্য গোপনের বিষয়টি প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল করে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- যে কোন প্রকার সুপারিশ/ তদবির প্রার্থীর অযোগ্য হিসেবে পরিগণিত হবে।
- কোন কারণ দর্শনো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১০/১২/২০২৪

(মো : সাহিফুল ইসলাম)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র  
পরিচালনা কমিটি রোয়াংছড়ি বান্দরবান।

পিসি-৭৩৫/২৪ (৭'×৩)